অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2021 **গভর্নর ক্যাথি হোকল**

ইউটিকায় গভর্নর হোকলের 20 মিলিয়ন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

দ্যা লিঙ্ক অ্যাট সানসেট দীর্ঘ সময় ধরে খালি পড়ে থাকা স্কুলকে সহায়তামূলক পরিষেবার প্রয়োজন থাকা পরিবার ও ব্যক্তিদের জন্য নির্মিত 60টি অ্যাপার্টমেন্ট দিয়ে প্রতিস্থাপন করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ইউটিকায় 20 মিলিয়ন ডলার ব্যয়ে একটি হাউজিং কমিউনিটির নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ঘোষণা করেছেন। দ্যা লিঙ্ক অ্যাট সানসেট (The Link at Sunset) দীর্ঘ সময় ধরে খালি পড়ে থাকা সানসেট স্কুল (Sunset School)-কে 60টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট দিয়ে প্রতিস্থাপন করেছে যার মধ্যে 12টি অ্যাপার্টমেন্ট বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে যেখানে তারা অন-সাইট সহায়তামূলক পরিষেবাসমূহের অ্যাক্সেস পাবেন।

"সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসনের লভ্যতা যেকোনো সমৃদ্ধশীল কমিউনিটির জন্য অতি গুরুত্বপূর্ণ একটি উপাদান," **বলেছেন গভর্নর ক্যাথি হোকল।** "অবনতিশীল একটি স্কুলকে একটি আধুনিক আবাসন উন্নয়ন প্রকল্প দিয়ে প্রতিস্থাপনের মাধ্যমেই শুধু নয়, বরং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন সেসব ব্যক্তিদের কাছে অতি গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো পৌঁছে দেয়ার মাধ্যমেও দ্যা লিঙ্ক অ্যাট সানসেট ইউটিকাকে অসংখ্য উপায়ে সেবা প্রদান করবে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর রাতের বেলায় মাথা গোঁজার মতো একটি নিরাপদ জায়গা পাওয়ার অধিকার রয়েছে এবং এধরনের প্রকল্পগুলোর মধ্য দিয়ে আমরা সবার জন্য আবাসনের অ্যাক্সেস সম্প্রসারণের জন্য কাজ করে যাচ্ছি।"

দ্যা লিঙ্ক অ্যাট সানসেট উন্নয়ন প্রকল্পে দীর্ঘ সময় ধরে খালি পড়ে থাকা ও ক্ষয়িষ্ণু সানসেট স্কুলকে ভেঙ্গে ফেলা হয়েছে। নতুন নির্মিত উন্নয়ন কাজটি হলো 60টি অ্যাপার্টমেন্ট বিশিষ্ট একটি চার-তলা ভবন। আটচল্লিশটি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 80% বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে।

বারটি অ্যাপার্টমেন্ট সেসব ব্যক্তিদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে যারা অন-সাইট সহায়তামূলক পরিষেবাগুলোর অ্যাক্সেস পাবেন। নিউ ইয়র্ক স্টেটের বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য দপ্তর (Office for People with Developmental Disabilities)-এর একীভূত সহায়তামূলক আবাসন (Integrated Supportive Housing)

কর্মসূচির মাধ্যমে পরিষেবা ও ভাড়ার জন্য তহবিল প্রদান করা হবে। দ্যা কেলবারম্যান সেন্টার (The Kelberman Center) এসব পরিষেবা প্রদান করবে, যারা এই প্রকল্পের ডেভেলপার হিসেবেও কাজ করছে।

ভবনটির নিচতলায় দ্যা কেলবারম্যান সেন্টার কর্তৃক প্রশাসনিক অফিস হিসেবে ব্যবহারের জন্য এবং দ্যা লিঙ্ক-এ বসবাসকারী প্রত্যেকের জন্য বিভিন্ন অনুষ্ঠান ও ক্রিয়াকলাপ আয়োজন সহ, তারা যেসব ব্যক্তিদের সহায়তা প্রদান করেন তাদের জন্য বছরব্যাপী বিভিন্ন ক্রিয়াকলাপ আয়োজন করতে ব্যবহারের জন্য 7,000 বর্গফুট বাণিজ্যিক জায়গা থাকবে। দ্যা কেলবারম্যান সেন্টার, যা আপস্টেট কেয়ারিং পার্টনার্স, ইনক. (Upstate Caring Partners, Inc.)-এর অধিভুক্ত একটি প্রতিষ্ঠান, মোহাক ভ্যালি ও সেন্ট্রাল নিউ ইয়র্কে শিশু, প্রাপ্তবয়স্ক ও পরিবারগুলোর জন্য অটিজম সংক্রান্ত পরিষেবা প্রদানের ক্ষেত্রে নেতৃত্বের অবস্থানের রয়েছে। দ্যা কেলবারম্যান সেন্টার ব্যক্তি ও পরিবারসমূহের জন্য পরিপূর্ণ, জীবন-সমৃদ্ধকারী অভিজ্ঞতা তৈরিতে সাহায্য করতে বিশেষায়িত কর্মসূচি, সংস্থান, ও সহায়তা প্রদান করে।

এই প্রকল্পে টেকসই ভবিষ্যত সংক্রান্ত মানদণ্ড এবং শুধু সাশ্রয়ী সবুজ আবাসন নির্মাণের জন্য নকশাকৃত দেশের একমাত্র জাতীয় সবুজ নির্মাণ কর্মসূচি, এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ (Enterprise Green Communities) এবং EPA-এর এনার্জি স্টার® সার্টিফাইড হোম প্রোগ্রাম (ENERGY STAR® Certified Homes Program)-এর সংস্করণ 3.1 এর সাথে সঙ্গতি রক্ষা করা হয়েছে। এই প্রকল্পের মেকানিক্যাল সিস্টেমগুলোর মধ্যে প্রত্যেক ইউনিটে সেন্ট্রাল এয়ার কন্ডিশনিং সহ তাপ ও বাতাস চলাচলের জন্য এনার্জি রিকভারি ভেন্টিলেটর অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও নির্মাণকাজের মধ্যে জ্বালানি দক্ষতাসম্পন্ন প্রচলন ও সরঞ্জাম যেমন অ্যাপ্লায়েন্সসমূহ, গরম পানি তৈরি, জানালা, আলোর ব্যবস্থা, ইনসুলেশন, ও এয়ার সিলিং এর ব্যবস্থা করা হয়েছে।

বাড়তি আবাসিক সুবিধার মধ্যে রয়েছে একটি ফিটনেস সেন্টার, লাউঞ্জ, ও একটি কমিউনিটি রুম। এই উন্নয়ন প্রকল্পটি খুচরা ও বাণিজ্যিক ব্যবসা প্রতিষ্ঠান রয়েছে এমন মিশ্র-ব্যবহারের এলাকায় হাঁটা দূরত্বে এবং গণপরিবহনের কাছাকাছি জায়গায় অবস্থিত।

স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল ও স্টেট পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা 13 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে, এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে 3.7 মিলিয়ন ডলারের ভর্তুকি। OPWDD 1.8 মিলিয়ন ডলার অর্থায়ন করেছে এবং NYSERDA 60,000 ডলারের সহায়তা প্রদান করেছে। মোহাক ভ্যালি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Mohawk Valley Regional Economic Development Council) 12টি কর্মসংস্থান তৈরির বিনিময়ে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর মাধ্যমে পাওয়া রাজধানী তহবিল অনুদানের রাউন্ড 9-এর 380,000 ডলার উচ্ছেদ ও নির্মাণকাজের ব্যয় নির্বাহের উদ্দেশ্যে ব্যবহারের জন্য সুপারিশ করেছে। ইউটিকা সিটি 300,000 ডলার প্রদান করেছে।

দ্যা লিঙ্ক এট সানসেট (The Link at Sunset) প্রকল্পটি স্টেটের 100,000 এরও বেশি সামর্থ্যের মধ্যে থাকা বাড়ি এবং 6,000টি সহায়তামূলক পরিষেবাসহ বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনকে অ্যাক্সেসযোগ্য করা এবং গৃহহীনতা মোকাবেলা করার পাঁচ-বছর মেয়াদী

20 বিলিয়ন ডলারের নজিরবিহীন আবাসন পরিকল্পনার অংশ। 2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) মোহাক ভ্যালিতে 265 মিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ করেছে যা 2,500টির বেশি সামর্থ্যের মধ্যে বাড়ি তৈরি বা সংরক্ষণ করেছে।

HCR কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "যখন পরিবারগুলো তাদের পছন্দের এলাকায় সন্তোষজনক সাশ্রয়ী বাড়ির অ্যাক্সেস পায় তখন ইউটিকা সিটির মতো সিটিগুলো সমৃদ্ধ হয়ে উঠে। দ্যা লিঙ্ক অ্যাট সানসেট-এ আমাদের বিনিয়োগ একটি নান্দনিক নতুন ভবনে জ্বালানি দক্ষতাসম্পন্ন 60টি অ্যাপার্টমেন্ট তৈরি করেছে যা সমগ্র কমিউনিটির জন্য নিরাপত্তা বৃদ্ধি করবে এবং জীবনমান উন্নত করবে। 12টি সহায়তামূলক বাড়ি এবং দ্যা কেলবারম্যান সেন্টারের জন্য বাণিজ্যিক জায়গা নিয়ে, দ্যা লিঙ্ক অ্যাট সানসেট বুদ্ধিবৃত্তিক ও বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান সমৃদ্ধ করবে এবং তাদেরকে স্বনির্ভরতা অর্জনে সাহায্য করবে। এই উদ্দীপনাপূর্ণ উন্নয়ন প্রকল্পের অংশ হতে পেরে আমরা গর্বিত এবং আমাদের স্টেটের ও স্থানীয় বহু অংশীদারের সহায়তার জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য দপ্তরের ভারপ্রাপ্ত কমিশনার কেরি নেইফেল্ড বলেন, "বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নান্দনিক, আধুনিক, কমিউনিটি-ভিত্তিক অ্যাপার্টমেন্টের ব্যবস্থা করে এমন একটি প্রকল্পের অংশ হতে পেরে OPWDD রোমাঞ্চিত, যেমনটা এই দ্যা লিঙ্ক অ্যাট সানসেট প্রকল্প করতে পেরেছে। অভাবী লোকদের জন্য নতুন ও উদ্ভাবনমূলক আবাসনের সুযোগ সন্ধানের এই সময়ে আমরা এই প্রকল্পটির মতো প্রকল্পগুলোকে সহায়তা প্রদান করা অব্যাহত রাখতে অঙ্গীকারাবদ্ধ।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "দ্যা লিঙ্ক অ্যাট সানসেট প্রকল্পের কাজ সমাপ্ত হতে দেখে NYSERDA আনন্দিত বোধ করছে, যে প্রকল্পটি ইউটিকার নিম্ন-আয়ের অধিবাসীদের জন্য সহায়তামূলক, স্বাস্থ্যকর ও পরিবেশগত দায়বদ্ধতাপূর্ণ বাড়তি সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করবে। স্টেটব্যাপী অন্য প্রকল্পগুলোর পাশাপাশি, এই প্রকল্পটি প্রমাণ করছে যে ক্ষতিকর নির্গমন কমিয়ে আনার জন্য আমাদের প্রচেষ্টাকে এগিয়ে নেয়া শিল্পখাতের-নেতৃস্থানীয় জ্বালানি দক্ষতা সংক্রান্ত প্রচলন ও সরঞ্জামগুলো কাজে লাগিয়ে ব্যয়-সাশ্রয়ী নতুন নির্মাণকাজ সম্পন্ন করা সম্ভব।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য দীর্ঘমেয়াদী সহায়তা, বিশেষ করে পরিষেবাসমূহ ও শিক্ষাগত সুযোগ-সুবিধা প্রদান করে এমন আবাসনের ব্যবস্থা করাটা প্রত্যেক কমিউনিটির অর্থনৈতিক সাফল্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্যা লিঙ্ক অ্যাট সানসেট শুধু ভবনটির বাসিন্দাদের জন্যই এই সহায়তা প্রদান করবে না, বরং মোহাক ভ্যালিব্যাপী অন্যান্য কয়েক শতাধিক ব্যক্তিকে সহায়তা প্রদান করবে।"

কেলবারম্যান সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর টারা কোস্টেলো বলেন, "দ্যা কেলবারম্যান সেন্টার মানসম্মত, নিরাপদ, সাশ্রয়ী ও কমিউনিটি-কেন্দ্রিক আবাসনের ভিশনকে

বাস্তবে রূপ দিতে পেরে গর্বিত ও উচ্ছসিত। দ্যা লিঙ্ক এর বাস্তবায়নের জন্য একদল নিবেদিত অংশীদারের প্রয়োজন ছিল যারা সারা বিশ্ব যখন একটি বৈশ্বিক মহামারীর কারণে বিপর্যস্ত হয়েছিল এমন এক সময়ে এই প্রকল্পটি সম্পন্ন করতে সাহায্য করেছেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী এসব ব্যক্তিকে তাদের সহনশীলতার জন্য এবং এই বিশাল প্রকল্পটি বাস্তবায়নের জন্য আমি ধন্যবাদ জানিয়ে শেষ করতে পারবো না। দ্যা লিঙ্ক সত্যিই একটি নান্দনিক ভবনে রূপ নিয়েছে যা শুধু সব ধরনের সক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের জন্য মানসম্মত জীবন যাপনের ব্যবস্থার সুযোগ থাকার দিকে এগিয়ে যাওয়ার প্রতিনিধিত্বই করে না, বরং এটি একটি কঠিন সময়ে বহু মানুষের কঠোর পরিশ্রম ও নিবেদিত প্রচেষ্টার প্রতিফলন ঘটায়। দ্যা কেলবারম্যান সেন্টার এত বেশি লোকের সহায়তা পেয়ে কৃতজ্ঞ।"

সিনেটের প্রতিবন্ধীত্ব বিষয়ক কমিটির সভাপতি সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "দ্যা লিঙ্ক অ্যাট সানসেট ইউটিকার একটি খালি পড়ে থাকা ভবনকে I/DD রয়েছে এমন নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী, সহায়তামূলক আবাসনের একটি সর্বাধুনিক মডেলে রূপান্তর করেছে। দ্যা লিঙ্ক আমাকে আশাবাদী করে তুলেছে যে আমরা প্রতিবন্ধী কমিউনিটির প্রয়োজন পূরণে সহায়তামূলক আবাসনের সুবিধা সম্প্রসারণ করা অব্যাহত রাখতে পারবো। দ্যা লিঙ্ক-কে একটি অগ্রাধিকার হিসেবে গ্রহণ করার জন্য আমি গভর্নর হোকল এবং HCR ও OPWDD-এ তার টিমের প্রতি, এবং মোহাক ভ্যালির প্রতি অঙ্গীকারাবদ্ধতার জন্য কেলবারম্যান সেন্টারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

মেয়র রবার্ট পালমিয়েরি বলেন, "এই প্রকল্পটি আমাদের কমিউনিটির একটি বৃহৎ প্রয়োজন পূরণে সাহায্য করা সরকারি-বেসরকারি অংশীদারিত্বের একটি চমৎকার দৃষ্টান্ত। দৃষ্টিকটু একটি জায়গাকে ইউটিকার অধিবাসীদের জন্য নতুন আবাসিক ইউনিটে পরিণত করার জন্য একসঙ্গে কাজ করে যাওয়া সব স্টেট সংস্থা ও প্রতিষ্ঠানগুলোকে আমি ধন্যবাদ জানাই।"

ওনেইডা কাউন্টির এক্সিকিউটিভ অ্যান্থনি জে. পিসেন্টে জুনিয়র বলেন, "কেলবারম্যান সেন্টার ওনেইডা কাউন্টিব্যাপী প্রচুর কাজ করে থাকে এবং দ্যা লিঙ্ক অ্যাট সানসেট হলো আমাদের কমিউনিটিতে তাদের নিয়ে আসা সুফলগুলোর একটি উৎকৃষ্ট উদাহরণ। এই প্রকল্প দীর্ঘ সময় ধরে খালি পড়ে থাকা একটি সম্পত্তিতে নতুন প্রাণের সঞ্চার করেছে, এবং এটি শুধু বিকাশ সংক্রান্ত ও বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আবাসন ও পরিষেবাসমূহ প্রদানের মাধ্যমে একটি সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর প্রয়োজন পূরণ করছে তাই নয়, বরং অন্যদের জন্যও অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করছে। আমি এই প্রকল্পের প্রশংসা করি এবং এটিকে বাস্তবে রূপ দেয়ায় যারা অবদান রেখেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাই।"

###

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418